# ST. LAWRENCE HIGH SCHOOL

(A Jesuit Christian Minority Institution)
2nd Terminal Examination — 2018
Class: 4A & C

FOR GOD AND COUNTRY

Sub: Bengali Grammar
Duration: 1 hr. 30 min.

F.M.: 44
Date: 03.08.18

## 'ক' বিভাগ

১। একটি বাক্যে উত্তর লেখ। (১x৩=৩)

ক) বাক্যে কোন পদের পরিবর্তন হয় না?
খ) ~~'গুরুচণ্ডালি-দোষ' কখন হয়?~~ বর্ণ থেকে কি তৈরী হয়? HRoychowdhury ৩/৮/১৮
গ) কোনো নাম বোঝাতে কী পদ ব্যবহৃত হয়?

২) সমার্থক শব্দ লেখ ২টি করে : (১X৩=৩)

ফুল , রাজা , আগুন

৩। বর্ণ বিশ্লেষণ কর : (১X৩=৩)

কৌতুক , রাজধানী , অনুচিত

## 'খ' বিভাগ

৪। ~~বাঙালিদের মধ্যে কে প্রথম বাংলা ব্যাকরণ লেখেন? কত খ্রিষ্টাব্দে? তাঁর রচিত বইখানি পরে কি নামে প্রকাশিত হয়?~~ উদাহরণসহ বাক্য তৈরীর প্রধান শর্তগুলি লেখ। HRoychowdhury ৩/৮/১৮ ~~(১x১=৩)~~

৫। নীচের বাক্যগুলিতে বিশেষণ, সর্বনাম ও ক্রিয়া পদের নীচে দাগ দিয়ে ছকের মধ্যে লেখ। (১x৩=৩)

ক) আমরা সবাই মিলে পিকনিকে যাব।
খ) মেয়েটি ভালো গান গায়।
গ) ছেলেরা মাঠে ফুটবল খেলছে।

৬। দুটি উদাহরণ দিয়ে বাক্যে ক্রিয়াপদের গুরুত্ব লেখ। (১x২=৩)

৭। বর্ণনামূলক, প্রশ্নসূচক ও ইচ্ছাসূচক বাক্যের একটি করে উদাহরণ লেখ (বাক্যে)। (১x৩=৩)

৮। নীচের বাক্যগুলিকে উদ্দেশ্য ও বিধেয় অংশে ভাগ করে দেখাও। (১x৩=৩)

ক) বাতাস বহিতেছে।
খ) সৌরভ আমাদের গর্ব।
গ) গোপাল রোজ মাঠে খেলে।

৯) শব্দ তৈরী করে বাক্যে ব্যবহার কর : ১X৫=৫

(ক) ণ+ট=ণ্ট (খ) ল+প=ল্প (গ) ঙ+গ=ঙ্গ (ঘ) ত+ত=ত্ত (ঙ) দ+ব=দ্ব

১০) বাগযন্ত্র কাকে বলে ? বাগযন্ত্রগুলির নাম লেখ। ২+৩=৫

১১) কোন একটি প্রাকৃতিক দুর্যোগ – একটি অনুচ্ছেদ লেখ ১০/১২ টি বাক্যে ৫

১২) বোধশক্তির বিচার : (অনুচ্ছেদটি পড়ে শুধু উত্তর লেখ) ১X৫=৫

মানুষের একটি প্রধান চারিত্রিক গুন হল পরের উপকার করা। পরের উপকার করাকেই বলা হয় পরোপকারিতা। আমরা জানি সেবাই মানুষের পরম ধর্ম। সেবার দ্বারা যদি কোন মানুষের উপকার করা যায় , তাহলে তার থেকে মহান কাজ আর কোন কিছু হতে পারে না। আমাদের দেশের প্রত্যেক প্রাতঃ স্মরণীয় ব্যক্তিই ছিলেন পরোপকারী। তাদের মধ্যে ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগর , দেশবন্ধু চিত্তরঞ্জন দাস , স্বামী বিবেকানন্দ অগ্রগণ্য। স্বামী বিবেকানন্দ তো বলেই গেছেন ঈশ্বর সেবার একমাত্র পথ হল জীব সেবা।

ক) মানুষের পরম ধর্ম কী ?

খ) আমাদের দেশের কয়েকজন পরোপকারী বিশিষ্ট মহান মানুষের নাম লেখ।

গ) বিপরীত শব্দ লেখ : উপকার

ঘ) বাক্য রচনা কর : সেবা

ঙ) শূন্যস্থান পূরণ কর:

মানুষের একটি প্রধান ____________ গুন হল পরের উপকার করা।

XXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXX

(Marks will be deducted for untidy work, spelling mistakes & work not done in systematic manner.)

# ST. LAWRENCE HIGH SCHOOL

**(A Jesuit Christian Minority Institution)**

**2nd Terminal Examination – 2018**

FOR GOD AND COUNTRY

**Sub:** Bengali Grammar | **Class: 4A & C** | **F.M.: 44**

**Duration: 1hr. 30 min.** | **Model Answers** | **Date: 03.08.18**

---

## 'ক' বিভাগ

১। একটি বাক্যের উত্তর :-

ক) বাক্যে অব্যয় পদের পরিবর্তন হয় না। (১x৩=৩)

খ) বর্ণ থেকে শব্দ তৈরী হয়।

গ) কোনো নাম বোঝাতে বিশেষ্য পদ ব্যবহৃত হয়।

২। সমার্থক শব্দ :- (১x৩=৩)

ফুল - কুসুম, পুষ্প

রাজা - নৃপ, নৃপতি

আগুন - অনল, অগ্নি

৩। বর্ণ বিশ্লেষণ :- (১x৩=৩)

কৌতুক - ক্ + ঔ + ত্ + উ + ক্ + অ

রাজধানী - র্ + আ + জ্ + অ + ধ্ + আ + ন্ + ঈ

অনুচিত - অ + ন্ + উ + চ্ + ই + ত্ + অ

## 'খ' বিভাগ

৪। বাক্য তৈরীর প্রধান শর্তগুলি হল - (৩)

প্রথম শর্ত- বাক্যের পদগুলিকে ঠিকমত সাজাতে হবে যাতে একটি মনের ভাব প্রকাশ পায়।

উদাঃ আমরা ভাত খাই।

দ্বিতীয় শর্ত - বাক্যটির উপযুক্ত অর্থ বোঝাবার যোগ্যতা থাকবে।

উদাঃ - ছেলেটি ভাত খাচ্ছে।

তৃতীয় শর্ত - বাক্যে একটি মনের ভাব শেষ করতে হবে।

উদাঃ - আমি ভাত খেয়ে স্কুলে যাব।

৫।ক) আমরা সবাই মিলে পিকনিকে যাব। (৩)

খ) মেয়েটি ভালো গান গায়।

গ) ছেলেরা মাঠে ফুটবল খেলছে।

| বিশেষণ | সর্বনাম | ক্রিয়া |
|---|---|---|
| ভালো | আমরা, সবাই | যাব<br>গায়<br>খেলছে |

৬। বাক্যে ক্রিয়াপদের গুরুত্ব :- (৩)

বাক্যে ক্রিয়াপদ খুব গুরুত্বপূর্ণ। কেন - না, প্রত্যেক বাক্যেই কোনো - না-কোনো কাজ করার কথা বলা হয়। এই পদ ছাড়া সাধারণত কোনো বাক্য গঠিত হতে পারে না।

উদাঃ মা রান্না করেন।

জোরে জোরে বাতাস বইছে।

৭। বর্ণমূলক, প্রশ্নমূলক ও ইচ্ছাসূচক বাক্যের উদাহরণ - নিজেরা লিখবে। (৩)

৮। (৩)

| | উদ্দেশ্য | বিধেয় |
|---|---|---|
| ক) | বাতাস | বহিতেছে |
| খ) | সৌরব | আমাদের গর্ব |
| গ) | গোপাল | রোজ মাঠে খেলে। |

## 'গ' বিভাগ

৯। শব্দ তৈরী করে বাক্যে ব্যবহার - নিজেরা লিখবে। (৫)

১০। আমরা মুখ দিয়ে, আবার কখনো - কখনো নাক দিয়ে যেসব ধ্বনি উচ্চারণ করি, সেগুলি মুখের নানা অংশ এবং নাক দিয়ে বেরিয়ে আসে। নাক ও মুখের সেইসব অংশ হল বাগ্‌যন্ত্র। (৩+২=৫)

বাগ্‌যন্ত্রগুলির নাম হল - জিহ্বা, ওষ্ঠ, কণ্ঠ, তালু, মূর্ধা, দন্ত এবং নাসিকা।

১১। অনুচ্ছেদ - কোন একটি প্রাকৃতিক দুর্যোগ (নিজেরা লিখবে) (৫)

১২। বোধশক্তির বিচার :- (৫)

ক)উঃ মানুষের পরম ধর্ম হল সেবা।

খ)উঃ আমাদের দেশের কয়েকজন পরোপকারী বিশিষ্ট মহান পুরুষের নাম হল - ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, দেশবন্ধু চিত্তরঞ্জন দাস, স্বামী বিবেকানন্দ।

গ) বিপরীত শব্দ :-

উপকার - অপকার

ঘ) বাক্য রচনা - নিজেরা লিখবে।

ঙ) মানুষের একটি প্রধান <u>চারিত্রিক</u> গুণ হল পরের উপকার করা।

Rita Pal 6/8/18